



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন : ০২৪৭-৮৬০৫১৫
ই-মেইল : dgmlad1@rakub.org.bd
ওয়েব সাইট : www.rakub.org.bd

ঋণঅবি-১ সার্কুলার লেটার নং-০১/২০১৭

তারিখ : ১০.০৭.২০১৭

সকল জোনাল ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয় : 'ফারমার্স ক্রেডিট লিমিট' নামীয় ঋণ কর্মসূচির আওতায় ঋণ প্রাপ্তির যোগ্যতার শর্ত শিথিলকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ৩০.০৬.২০১৬ তারিখের সার্কুলার নং-০৫/২০১৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে বড় কৃষকদের শস্য/ফসল উৎপাদনের ব্যয় মেটানোর জন্য লিমিট আকারে শস্য/ফসল ঋণ প্রদানের নীতিমালা জারী করা হয়। উক্ত সার্কুলারের ৩নং অনুচ্ছেদে নিম্নোক্ত শর্তের উল্লেখ রয়েছে :

“যে সকল কৃষক পরিবার সারাবছর বিভিন্ন ধরনের শস্য/ফসল উৎপাদন ও অন্যান্য কৃষি কর্মকাণ্ডের সাথে জড়িত থাকেন সে সকল কৃষক এ ঋণ সুবিধা পাওয়ার যোগ্য হবেন। তবে প্রাথমিকভাবে পাঁচ একরের উর্ধ্ব কৃষি জমির মালিক কৃষকগণ এর আওতায় আসবেন।”

০৩। আলোচ্য ঋণ কর্মসূচি গতিশীল করার লক্ষ্যে পরিচালনা পর্ষদের ৪৫৬ তম সভার (তারিখ ২১.০৬.২০১৭) অনুমোদনক্রমে সূত্রোক্ত সার্কুলার নং ০৫/২০১৬ এর ৩নং অনুচ্ছেদটি নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হলো :

“যে সকল কৃষক পরিবার সারা বছর বিভিন্ন ধরনের শস্য/ফসল উৎপাদন ও অন্যান্য কৃষি কর্মকাণ্ডের সাথে জড়িত থাকেন সে সকল কৃষক এ ঋণ সুবিধা পাওয়ার যোগ্য হবেন। তবে তিন একরের উর্ধ্ব কৃষি জমির মালিক কৃষকগণ এর আওতায় আসবেন।”

০৪। ইহা অবিলম্বে কার্যকর হবে। এতদবিষয়ে কোন ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনার বিশ্বস্ত

(জগন্নাথ ঘোষ)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং- প্রকা/ঋণঅবি-১/৪৬/২০১৭-২০১৮/২১(৪৪৪)

তারিখ : ১০.০৭.২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১০। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১২। অফিস নথি/ মহানথি।

(মোঃ ছলিম উদ্দীন)
মুখ্য কর্মকর্তা